৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট-২**

পিএসডি-২ সার্কুলার লেটার নং- ০৭

তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর, ২০২৬
১২ আশ্বিন, ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর/আন্তর্জাতিক পেমেন্ট স্কিম

প্রিয় মহোদয়,

**Bangla QR কোডভিত্তিক লেনদেন প্রসারের নিমিত্ত প্রণোদনা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে পিএসডি-২ সার্কুলার নং: ০৩, তারিখ: ১০ আগস্ট ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২) Bangla QR কোডভিত্তিক লেনদেনে সর্বসাধারণকে অধিকতর উৎসাহ প্রদানের নিমিত্তে উল্লিখিত সার্কুলারের অনুচ্ছেদ ২ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

"ব্যক্তিক রিটেইল হিসাবের মাধ্যমে অনবোর্ডকৃত ক্ষুদ্র ও প্রান্তিক বিক্রেতা এবং সেবা প্রদানকারী মার্চেন্ট পয়েন্টের পাশাপাশি ট্রেড লাইসেন্সধারী অন্য সকল মার্চেন্ট পয়েন্টে সম্পাদিত ২০০০ (দুই হাজার) টাকা পর্যন্ত প্রতিটি Bangla QR কোডভিত্তিক NPSB প্ল্যাটফর্মের লেনদেনের বিপরীতে মাসিক ভিত্তিতে একুয়্যারিং প্রতিষ্ঠানকে ০.১০% হারে এবং ইস্যুয়িং প্রতিষ্ঠানকে ০.২০% হারে প্রণোদনা প্রদান করা হবে।"

৩) উল্লিখিত সার্কুলারের অনুচ্ছেদ ২ এর অধীনে বর্ণিত শর্তাদি ও অন্যান্য সকল অনুচ্ছেদসমূহ অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)
পরিচালক (পিএসডি-২)
ফোনঃ ৯৫৩০৬১১